



বাংলাদেশ কৃষি ব্যাংক
মানিলভারিং, সন্তাসে অর্থায়ন প্রতিরোধ ও
বুঁকি ব্যবস্থাপনা বিভাগ
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিবিল বাণিজ্যিক এলাকা, ঢাকা

dgmrmrd@krishibank.org.bd
Phone: ০২২৩৩৮৪৪৮৬

প্রকা/এমএল- আরএমডি-১/অংশ-৯/২০২৪-২৫/৫০৫

তারিখ : ২৫-০৮-২০২৪

- ০১। ঘাহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/ ছানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
- ০৩। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।
- ০৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক কার্যালয় এর মাধ্যমে)।

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : বিরাজমান পরিস্থিতিতে AML-CFT ইস্যুতে সতর্কতামূলক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

মহোদয়,

উপরিউক্ত বিষয় এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিরাজমান পরিস্থিতিতে দেশের মানিলভারিং ও সন্তাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমকে আরও নিবিড় তদারকির মাধ্যমে আর্থিক ব্যবস্থাপনাকে স্বচ্ছ ও টেকসই করার লক্ষ্যে জরুরী ভিত্তিতে নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণ করতে হবে।

ক) বিএফআইইউ সার্কুলার নং-১, তারিখ : ১৫/০৮/২০২৪ অনুযায়ী, CTR প্রদানের ক্ষেত্রে শুধুমাত্র টাকা উত্তোলনকেই বিবেচনায় নিতে হবে। অর্থাৎ একটি নির্দিষ্ট দিনে এক বা একাধিক উত্তোলনের (অনলাইন, এটিএমসহ যে কোনো ধরণের নগদ উত্তোলন) মোট পরিমাণ যদি ১০(দশ) লক্ষ টাকা বা তদুর্ধৰ অর্থের বা সমম্বলের বৈদেশিক মুদ্রায় হয় তবে ঐ হিসাবের (CTR) দাখিল করতে হবে।

খ) গ্রাহকদের লেনদেন নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে হবে। কোন ধরণের অনৈতিক বা অসামঞ্জস্যপূর্ণ লেনদেন সংঘটিত হলে বা সংঘটনের প্রচেষ্টা দ্রুতভাবে ব্যাংকের প্রধান কার্যালয়ের মানিলভারিং, সন্তাসে অর্থায়ন প্রতিরোধ ও বুঁকি ব্যবস্থাপনা বিভাগকে তৎক্ষণিকভাবে অবহিত করতে হবে। প্রয়োজনে যথানিয়মে STR/SAR করতে হবে।

গ) AML-CFT সংক্রান্ত BFIU, দুদক, রাজস্ব, কর কমিশন ও যথাযথ কর্তৃপক্ষ বা সংস্থা কর্তৃক প্রদত্ত নির্দেশনা এবং চাহিত তথ্যাদি যথাসময়ে সরবরাহ করতে হবে।


ঘ) PEPs/IPs এবং উচ্চ বুঁকিপূর্ণ গ্রাহকদের লেনদেন নিয়মিত মনিটরিং করতে হবে। উল্লিখিত গ্রাহকদের তালিকা ৩১ জুলাই ২০২৪ ভিত্তিক হালনাগাদ করে নিম্নবর্ণিত ছক মোতাবেক আগামী ২৯/০৮/২০২৪ এর মধ্যে অত্র বিভাগে (dgmrmrd@krishibank.org.bd) প্রেরণ করতে হবে।

ক্রং নং	হিসাবের ধরণ : (High Risk Customers/PEPs/ IPs)	হিসাবের নাম, হিসাব নম্বর ও শাখার নাম	হিসাব খোলার তারিখ	বর্তমান স্থিতি	PEPs/ IPs হিসেবে চিহ্নিত করার কারণ

ঙ) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের নেতৃত্বে গঠিত AML-CFT বিষয়ক আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি AML-CFT সংক্রান্ত যাবতীয় কার্যালয়ী মাঠ পর্যায়ে স্বচ্ছতার সাথে বাস্তবায়ন নিশ্চিত করবে। এ ক্ষেত্রে, উদ্ভূত যে কোন অস্পষ্টতা/ জটিলতা প্রধান কার্যালয়ের মানিলভারিং, সন্তাসে অর্থায়ন প্রতিরোধ ও বুঁকি ব্যবস্থাপনা বিভাগকে তৎক্ষণিকভাবে অবহিত করতে হবে।

১০। এমতাবস্থায়, সময়ের সংবেদনশীলতা বিবেচনায় AML-CFT বিষয়ক সকল কার্যক্রমে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,


 (এক এম এ রাশেদুল)
 উপমহাব্যবস্থাপক
 ও
 ২৫/০৮/২০২৪

উপপ্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)

সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, CAMLCO মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (প্রতি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
www.bfiu.org.bd

বিএফআইইউ সার্কুলার নং-১

তারিখ: ৩১ আবণ ১৪৬১
১৫ আগস্ট ২০২৪

প্রধান নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যবাত সকল তফসিলি ব্যাংক।

নগদ লেনদেন রিপোর্ট (CTR) দাখিলে নগদ জমা অন্তর্ভুক্ত না করা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

১৬ জুন ২০২০ তারিখে জারীকৃত বিএফআইইউ সার্কুলার নম্বর- ২৬ এবং ৬ (ছয়) নম্বর অনুচ্ছেদের নির্দেশনার
প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত নির্দেশনা অনুযায়ী কোনো একটি হিসাবে কোনো একটি নির্দিষ্ট দিনে এক বা একাধিক
লেনদেনের মাধ্যমে ১০ (দশ) লক্ষ টাকা বা তদুর্ভু অর্থের বা সমমূলোর বৈদেশিক মুদ্রার জমা বা উত্তোলনের (অনলাইন,
এটিএমসহ যে কোনো ধরণের নগদ জমা বা উত্তোলন) ক্ষেত্রে বিএফআইইউ বরাবর মাসিক ভিত্তিতে নগদ লেনদেন
রিপোর্ট (CTR) দাখিলের বাধ্যবাধকতা রয়েছে।

২। একথে, প্রবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত নগদ লেনদেন রিপোর্ট (CTR) এ নগদ জমা অন্তর্ভুক্ত করা অবিশ্বাস
হবে না। তবে নগদ উত্তোলনের ক্ষেত্রে উল্লিখিত সার্কুলার এবং অন্যান্য নির্দেশনা বলুবৎ থাকবে।

৩। নির্দেশনাটি আগস্ট, ২০২৪ মাসের নগদ লেনদেন রিপোর্ট (CTR) হতে কার্যকর হবে। বিষয়টি সকল পক্ষের
অবগতিতে আনয়ন নিশ্চিত করবেন।

আপনাদের বিশ্বাস,

(ইমতিয়াজ আহমেদ মাসুম)
পরিচালক (বিএফআইইউ)
ফোন: ৯৫৩০১৭০